দৈনিক ইনকিলাব

তারিখ ... 25-DEC-2002

পৃষ্ঠা - ১৫ কলাম ৩

# লক্ষ্মীপুর সরকারী কলেজের সমস্যা প্রকট

**লক্ষ্মীপুর জেলা সংবাদদাতা ঃ** লক্ষ্মীপুর সরকারী কলেজের সমস্যা প্রকট হয়ে উঠেছে। সারাদেশের মত শিক্ষক সংকট এখানেও রয়েছে। ১৬ লাখ জনসংখ্যা অধ্যুষিত এ জেলার উচ্চশিক্ষার অন্যতম প্রতিষ্ঠান লক্ষ্মীপুর সরকারী কলেজ। এ কলেজকে বিশ্ববিদ্যালয় কলেজে উন্নীত করা হলেও কাগজে-কলমেই তা রয়ে গেছে। বাস্তবে ঘটেনি। ১৯৯৪-৯৫ শিক্ষাবর্ষ থেকে রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান ও ব্যবস্থাপনাসহ ৩টি বিষয়ে অনার্স কোর্স চালু হলেও জেলার ছাত্র-শিক্ষক, অভিভাবক ও সুধী মহলের বাংলা, অর্থনীতি, ইসলামী শিক্ষা, গণিত, পদার্থবিজ্ঞান ও হিসাববিজ্ঞানে অনার্স কোর্স চালু করার ব্যাপারে দীর্ঘদিনের দাবী উপেক্ষিত হয়েছে। লক্ষ্মীপুরের সর্বস্তরের মানুষ এই দাবীর প্রতি সরকার সম্মান দেখাবে এটাই আশা করে। বিগত নির্বাচনের আগে বেগম খালেদা জিয়া এই কলেজ মাঠেই ঘোষণা দিয়েছিলেন, লক্ষ্মীপুরের ৪টি আসনে ৪ দলীয় জোট মনোনীত এমপি উপহার দিলে তিনি ব্যাপক উন্নয়ন উপহার দেবেন।

বর্তমানে চালু অনার্স কোর্সগুলোর জন্য জরুরী ভিত্তিতে নতুন একাডেমিক ভবন নির্মাণ, অনার্স বিষয়সমূহের জন্য শ্রেণী কক্ষ, সেমিনার কক্ষ, বিভাগীয় প্রধানের কক্ষ, শিক্ষক কক্ষের জন্য কলেজের মূল ভবন ও একাডেমিক ভবন নির্মাণ অত্যাবশ্যক। ৪ হাজার ছাত্রছাত্রীর মধ্যে দূর-দূরান্তের একশ'র অধিক ছাত্রীর জন্য এবং ছাত্রদের জন্য ২টি আলাদা হোস্টেল নির্মাণ অত্যন্ত জরুরী।

ছাত্রছাত্রীদের পড়ালেখার মানোন্নয়নের জন্য লাইব্রেরী ভবন নির্মাণ অত্যাবশ্যক। অনার্স ও মাস্টার্স কোর্স প্রবর্তনের প্রেক্ষিতে আভ্যন্তরীণ ক্লাস, পরীক্ষা, সাংস্কৃতিক কর্মকাণ্ড ও পাবলিক পরীক্ষা গ্রহণের জন্য ১টি মিলনায়তন নির্মাণ প্রয়োজন।

লাইব্রেরী, অনার্স সেমিনার কক্ষ, অফিস কক্ষের জন্য উল্লেখযোগ্য স্টীল কাঠের আলমিরা, চেয়ার-টেবিল, হাই ও লো-বেঞ্চ অপরিহার্য।

এছাড়াও অধ্যক্ষের বাসভবন, স্টাফ কোয়ার্টার, ছাত্রছাত্রী কমনরুম, সীমানা প্রাচীর, বাণিজ্য ভবন ও কম্পিউটার ক্লাস রুম নির্মাণ দীর্ঘদিনের সমস্যাগুলোর অন্যতম।